

## ■■ কুরআন ও সহীহ হাদীসের আলোকে জামা'আতে সালাত আদায় [বিধান, ফ্যীলত, ফায়েদা ও নিয়ম-কানূন]

বিভাগ/অধ্যায়ঃ জামা'আতে সালাত আদায় করতে যাওয়ার নিয়ম-কানূন রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৬. ধীরে-সুস্থে মসজিদের দিকে রওয়ানা করবে:

আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,
﴿إِذَا سَمِعْتُمْ الْإِقَامَةَ فَامْشُوْا إِلَى الصَّلَاةِ وَعَلَيْكُمْ بِالسَّكِينَةِ وَالْوَقَارِ وَلاَ تُسْرِعُوا فَمَا أَدْرَكْتُمْ فَصَلُوا وَمَا فَاتَكُمْ
فَاتَمُوا».

"যখন তোমরা সালাতের ইকামত শুনো তখন তোমরা ধীরে-সুস্থে তথা ভদ্রতার সাথে সালাতের দিকে রওয়ানা করো। তোমরা অতি দ্রুত সালাতের দিকে যেও না। অতঃপর তোমরা যতোটুকু সালাত ইমাম সাহেবের সাথে পাও পড়ে নাও। আর বাকিটুকু পুরা করে নাও"।[1]

অন্য বর্ণনায় রয়েছে.

﴿إِذَا أُقِيمَتُ الصَّلَاةُ فَلَا تَأْتُوْهَا تَسْعَوْنَ وَأَتُوْهَا تَمْشُوْنَ وَعَلَيْكُمُ السَّكِينَةُ فَمَا أَدْرَكْتُمْ فَصَلُوا وَمَا فَاتَكُمْ فَأَتِمُوا». "यथन সালাতের ইকামত দেওয়া হয় তখন তোমরা সালাতের দিকে দৌড়ে এসো না। বরং ধীরে-সুস্থে হেঁটে এসো। অতঃপর ইমাম সাহেবের সাথে যতোটুকু সালাত পাও পড়ে নাও। আর বাকিটুকু পুরা করে নাও"।

## ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৬৩৬, ৯০৮; সহীহ মুসলিম, হাদীস নং ৬০২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10757

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন